



বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন
জনসংযোগ উপ-বিভাগ, সদর দফতর, ২২, পুরানা পল্টন, ঢাকা
ফোন : ৯৫৬০৫৭৪, ই-মেইল : pro@bhbfc.gov.bd

প্রেস বিজ্ঞপ্তি

বিএইচবিএফসি'র নতুন চেয়ারম্যান ড. মোঃ সেলিম উদ্দিন



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ হতে সম্প্রতি এক প্রজ্ঞাপনের মাধ্যমে বিশিষ্ট শিক্ষাবিদ ও প্রথিতযশা হিসাব বিজ্ঞানী চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের হিসাব বিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. মোঃ সেলিম উদ্দিন; এফসিএ, এফসিএমএ-কে বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন এর পরিচালনা পর্ষদের পরিচালক ও চেয়ারম্যান হিসেবে নিয়োগ প্রদান করায় ১৮/৩/২০১৮ খ্রি. তারিখে কর্পোরেশনে যোগদান করেন। বিএইচবিএফসিতে যোগদানের পূর্বে ড. সেলিম রূপালী ব্যাংক লিঃ এ পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন। এছাড়া তিনি রূপালী ইনভেস্টমেন্ট লিঃ, প্রিমিয়ার ব্যাংক লিঃ এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জের পরিচালক ছিলেন।

ড. সেলিম চট্টগ্রামের ফটিকছড়ি উপজেলার দৌলতপুর গ্রামে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের একাউন্টিং বিভাগ হতে ১ম শ্রেণীতে প্রথম স্থানসহ মাস্টার্স ডিগ্রী অর্জনের পর একই বিশ্ববিদ্যালয়ের একাউন্টিং বিভাগে যোগদান করেন। ড. সেলিম আইসিএমএবি হতে সিএমএ; আইসিএবি হতে সিএ; ইউনিভার্সিটি অব ব্রাসেলস, বেলজিয়াম হতে এমবিএ; আইসিএইডব্লিউ, ইউকে হতে সিআইএফআরএস; সিআইপিএফএ, ইউকে হতে পিএফএ এবং ইউনিভার্সিটি অব চিটাগাং হতে পিএইচডি ডিগ্রী অর্জন করেন। তিনি একজন সনদপ্রাপ্ত হিসাব বিজ্ঞানী হিসেবে একাধারে আইসিএবি, আইসিএমএ এবং সিআইপিএফএ, ইউকে এর ফেলো সদস্য। জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে তাঁর ৬০ এর অধিক প্রকাশিত প্রবন্ধ রয়েছে। এছাড়া তিনি কর্মজীবনের অংশ হিসেবে বিভিন্ন দেশে কাজের অভিজ্ঞতা অর্জনসহ দেশে বিদেশে বিভিন্ন সভা সেমিনারে প্রবন্ধ উপস্থাপন করেন।